**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**06 DECEMBER 2024 7:45—7:55 PM IST**

============================================================

১) নতুন দিল্লির ভারত মন্ডপমে অষ্টলক্ষী মহোৎসব আরম্ভ/ দেশের অর্থনৈতিক বিকাশে উত্তর-পূর্বের শক্তিশালী ভূমিকা পালন করার সামর্থ রয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মন্তব্য/

২) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের সঙ্গে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার সৌজন্যমূলক সাক্ষাৎ।

৩) পরিবেশ ও বন্যপ্রাণী সংক্ষরণের ক্ষেত্রে অবদান রাখা ৫ জনকে ২০২৪ সালের পরিবেশ মিত্র সম্মান প্রদান।

এবং

৪) ভারতীয় সংবিধান প্রণেতা ড: বি আর আম্বেদকরের ৬৮ তম মৃত্যুবার্ষিকী আজ মহাপরিনির্বান দিবস হিসেবে পালন।

---

দেশের অর্থনৈতিক বিকাশে উত্তরপূর্বের শক্তিশালী ভুমিকা পালন করার সামর্থ রয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অষ্টলক্ষ্মী মহোৎসবে মন্তব্য করেন ।নতুনদিল্লীর

ভারত মন্ডপমে আজ আষ্টলক্ষ্মী মহোৎসবের উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন যে উত্তরপূর্বের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার কাজ করে যাবে ।অষ্টলক্ষ্মী মহোৎসবের তিনদিন ই উত্তরপূর্বময় হয়ে থাকবে বলে তিনি মন্তব্য করেন । তিনি বলেন যে অষ্টলক্ষ্মী মহোৎসব উত্তরপূর্বের উন্নয়ন ও বিকাশের ক্ষেত্রে নতুন যূগের সূচণা করবে । উত্তরপূর্বকে অষ্টলক্ষ্মী আখ্যা দিয়ে অঞ্চলটির বৈচিত্র ও সাংস্কৃতিক ঐতিহ্যের বিষয়ে উল্লেখ করেন । জৈবিক কৃষির জন্য উত্তরপূর্বের ভূমি উর্বর বলে প্রধানমন্ত্রী প্রকাশ করেন ।
উল্লেখ্য আজকের উদ্বোধনী অনুষ্ঠানে ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া সহ উত্তরপূর্বের আটটি রাজ্যের  মুখ্যমন্ত্রীরা উপস্থিত ছিলেন ।

-------------------------------------------------------------------------------------

বি জে পির সাংসদ নিশিকান্ত দুবে রাহুল গান্ধী এবং কংগ্রেসের অন্য নেতাদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগকে নিয়ে বিরোধী পক্ষের সৃষ্টি করা হৈ-হট্টগোলপূর্ণ পরিস্থিতির জন্য লোকসভার কার্যসূচী আজ স্থগিত রাখা হয় । শূণ্যকালে  শ্রী দুবে আমেরিকা যুক্তরাষ্ট্রে এক বিনিয়োগকারী ,বিদেশি সংবাদ মঞ্চ এবং কংগ্রেস ভারতের সাফল্য গাঁথা বিঘ্নিত করার চেষ্টা চালাচ্ছে বলে পুনরায় অভিযোগ উত্থাপন করেন । অধ্যক্ষ বিজেপি সাংসদদের বক্তব্য রাখার অনুমতি প্রদান করায় কংগ্রেসের নেতৃত্বে বিরোধী দলগুলি সভায় হৈহট্টগোলপূর্ণ পরিস্থিতির সৃষ্টি করেন । ফলে সভার কাজকর্ম সারাদিনের জন্য স্থগিত রাখা হয় । এর আগে আজ সকালে সভা মিলিত হবার সময়ে কংগ্রেস সহ বিরোধী পক্ষের সদস্যরা তা এড়িয়ে যান। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সদস্যদের প্রশ্নোত্তরকালের কাজকর্ম চালিয়ে নিয়ে যেতে সহায়তা করার অনুরোধ জানালেও সদস্যরা কান দেননি । এই পরিস্থিতির মধ্যে শ্রী বিড়লা সভা পরিচালনার নিয়ম অনুসারে কাজকর্ম চলবে বলে মন্তব্য করেন । এরপরও অশান্ত পরিস্থিতি অব্যাহত থাকায় অধ্যক্ষ সভার কাজকর্ম বেলা ১২ টা পর্যন্ত স্থগিত রাখার কথা ঘোষণা করেন ।

-------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বন্দর জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল বলেছেন যে আগামীদিনে উত্তরপূর্ব ভারত দক্ষিণ পূর্ব এশিয়ার উন্নয়ন কেন্দ্র হোয়ার সম্ভাবনা রয়েছে । নতুনদিল্লীতে উত্তরপূর্বাঞ্চলকে সবলীকরণ - পরিবর্তণশীল দশকের দিকে আত্মনির্ভর ভারত শীর্ষক এক সাংবাদিক সম্মেলনে শ্রী সনোয়াল বলেন যে সরকারের এক্ট ইষ্ট নীতি কার্যকর করার ক্ষেত্রে উত্তরপূর্ব ভারতের এক মুখ্য ভূমিকা রয়েছে ।সরকারের তৃণমুল পর্যায়ে গ্রহণ করা পদক্ষেপের বিষয়ে উল্লেখ করে মন্ত্রী বলেন যে গত ১০

বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৬০ বার থেকে ও বেশী উত্তরপূর্বাঞ্চল সফর করেছেন ।তিনি বলেন যে এই পদক্ষেপ  জনসাধারণকে সবলীকরণ করা সহ অঞ্চলটিতে শান্তি স্থিরতা ফিরিয়ে নিয়ে এসেছে ।শ্রী সনোয়াল বলেন যে বিকশিত ভারত ২০৪৭ র অভিযান  বাস্তব করা সহ  আত্মনির্ভর ভারত গড়ে তোলার  ক্ষেত্রে উত্তরপূর্বাঞ্চল মুখ্য ভূমিকা গ্রহণ করবে । শ্রী সনোয়াল ভারতীয় সংবিধান প্রণেতা  ড: বি আর আম্বেদকরের ৬৮ তম মৃত্যু বার্ষিকীতে তার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন ।

-----------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ নতুনদিল্লীতে কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণের সংগে সৌজন্যমূলক সাক্ষাৎ করেন ।সাক্ষাৎকালে মুখ্যমন্ত্রী এডভান্টেজ আসাম ২০২৫ এর কার্যসূচীতে অংশ গ্রহণ করতে শ্রীমতী সীতারমণকে আমন্ত্রণ জানান ।এর আগে মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের সংগে ও সাক্ষাৎ করে এডভান্টেজ আসামে আসার জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যসরকারের বিজ্ঞান প্রযুক্তি ও জলবায়ু পরিবর্তন বিভাগ পরিবেশ ও বন্যপ্রাণী সংরক্ষণের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য ৫ জন ব্যাক্তিকে ২০২৪ বর্ষের পরিবেশ মিত্র সম্মান প্রদান করেছে । কটন কলেজের প্রাক্তন অধ্যক্ষ তথা বিশ্ব প্রকৃতি নিধি ভারতের প্রতিষ্ঠাতা সদস্য সচিব ড.অনিল কুমার গোস্বামীকে পরিবেশ সংরক্ষণ ও রাজ্যে এসম্পর্কীত শিক্ষার প্রসারের জন্য এই সম্মান প্রদান করা হয়েছে । গৌহাটী বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক তথা বিশিষ্ট পরিবেশ বিজ্ঞানী ড.দুলাল চন্দ্র গোস্বামীকে নদী ও জলাশয় সংরক্ষণের ক্ষেত্রে অবদান রাখা পরিবেশ মিত্র সম্মান প্রদান করা হয়েছে । একইভাবে ওদালগুড়ির পরিবেশবিদ তথা সংরক্ষণ কর্মী জয়ন্ত কুমার দাসকে বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণের জন্য এবং উত্তর-পূর্বাঞ্চলের পারস্পরিক ব্যাবস্থা তথা স্থানীয় জ্ঞান পদ্ধতিতে পরিবেশ সুরক্ষার ক্ষেত্রে নিরন্তর সেবা প্রদান করা জয়ন্ত কুমার শর্মাকে এই পুরস্কার প্রদান করা হয়েছে । এছাড়া কাজিরাঙ্গা জাতীয় উদ্যানের সংরক্ষণ তথা পরিবেশ সাংবাদিকতার জন্য বিশিষ্ঠ পরিবেশবিদ বোকাখাতের উত্তম শইকিয়াকে পরিবেশ মিত্র সম্মান প্রদান করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার ২০২৪-২৫ বর্ষের জন্য সাহিত্য পুরস্কার এবং পেনশন প্রাপকদের তালিকা প্রকাশ করেছে ।  প্রয়াত সাহিত্যিক হোমেন বরগোঁহাইর জন্মদিবসের সঙ্গে সঙ্গতি রেখে আগামীকাল গৌহাটী বিশ্ববিদ্যালয়ের ফণীধর প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে ৩১ জন  ব্যাক্তিকে এই সম্মান জানানো হবে । এরমধ্যে শিলচরের কবি

সাহিত্যিক মহুয়া চৌধুরী  সহ রাজ্যের তিনজন সাহিত্যিককে সাহিত্য পেনশন এবং সাহিত্য পুরস্কারের জন্য কাছাড় জেলা থেকে হিমাশিস ভট্টাচার্য ও শ্রীভূমি জেলা থেকে ব্রজগোপাল সিনহা সহ ২৮ জন সাহিত্যিককে মনোনীত করা হয়েছে । অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সহ শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু উপস্থিত থাকবেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম বিদ্যালয় শিক্ষা পর্ষদ  দ্বিতীয় মন্ডলের অধীনে চলতি বছরের এপ্রিল-মে মাসে অনুষ্ঠিত আসাম রাজ্য মুক্ত বিদ্যালয়ের উচ্চতর মাধ্যমিক পর্যায়ের ফলাফল গতকাল ঘোষণা করা হয়েছে ।এই পরীক্ষার ফলাফল বিদ্যালয় শিক্ষা পর্ষদের ওয়েবসাইট www.ahsec.assam.gov.in এ দেখা যাবে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগ চা বাগান অঞ্চলে বিদ্যালয়ের সময়সূচীর কিছু পরিবর্তন করেছে । এসম্পর্কে বিদ্যালয় শিক্ষা বিভাগের সচিবের জারি করা নির্দেশনা অনুযায়ী চা বাগান অঞ্চলের নিম্ন প্রথমিক বিদ্যালয়ের পাঠদান সকাল সাড়ে সাতটার পরিবর্তে সাড়ে ৮ টায় আরম্ভ হবে । একইভাবে ছুটির সময় ১২ টা ১৫ মিনিটের পরিবর্তে ১ টা ১৫ মিনিটে বৃদ্ধি করা হয়েছে ।এক ইভাবে উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান সাড়ে ৭ টার পরিবর্তে সাড়ে ৮ টায় আরম্ভ হবে ও ছুটীর সময় আগের ১ টার পরিবর্তে দুটোয় হবে । ইতিমধ্যে রাজ্যসরকারের প্রাথমিক সঞ্চালকালয় সব জেলা শিক্ষা আধিকারিকদের বিজ্ঞপ্তী জারি করে শীঘ্র এই সময়সূচী কার্যকর করতে  নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় সংবিধান প্রণেতা ভারত রত্ন ড: বি আর আম্বেদকরের ৬৮ তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে  আজ মহাপরিনির্বান দিবস পালন করা হয়েছে ।এই বিশেষ দিনটিতে দেশ একটি ন্যায় সংগত ও সর্বাত্মক সমাজ গড়ার প্রতিশ্রুতিবদ্ধতায় গুরত্ব আরোপ করে সংবিধান প্রণেতার প্রতি শ্রদ্ধার্ঘ নিবেদন করে ।

মহাপরিনির্বান দিবসের সংগে সংগতি রেখে দেশ গঠনের ক্ষেত্রে বাবা সাহেব আম্বেদকরের অবদানের বিষয়ে আলোকপাত করার উদ্দেশ্যে সমগ্র দেশে  বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় ,
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , লোকসভার অধ্যক্ষ ওম বিরলা ও বেশ কয়েকজন সাংসদ তথা অন্যান্য আধিকারিক ভারতীয় সংবিধানের রুপকার আম্বেদকরের স্মৃতিতে নতুন দিল্লীতে সংসদ ভবনের প্রেরণা স্থলে শ্রদ্ধা জ্ঞাপন করেন ।

---

আসাম অনুসূচিত জাতি পরিষদের তাপাং আঞ্চলিক কমিটি ও শ্রীকোনার বরাক সেবা কেন্দ্রের যৌথ উদ্যোগে আজ সংবিধান প্রনেতা ডক্টর বি আর আম্বেদকরের প্রয়ান দিবস বিভিন্ন কার্য্যসূচীর মধ্যে দিয়ে পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ সংগঠনের পক্ষ থেকে ডক্টর আম্বেদকরের মূর্তিতে  আসাম অনুসূচিত জাতি পরিষদের শিলচর শাখার শিলচর শাখার সহ-সভাপতি কুলেন্দ্র দাস ,তাপাং আঞ্চলিক কমিটির সভাপতি হরেন্দ্র চন্দ্র দাস , আজিজ আহমেদ বড়লস্কর প্রমূখ মাল্যদান করেন । পরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা বিজেপির পক্ষ থেকে আজ সংবিধান প্রণেতা ডা:বি আর আম্বেদকরের মৃত্যুবার্ষিকী বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলা বিজেপির কর্মকর্তরা ড.আম্বেদকরের মূর্তিতে মাল্যদান করেন এবং পরে সংবিধান প্রণেতার জীবন,আদর্শ এবং তাঁর সমাজের প্রতি অবদানের ওপর এক আলোচনা সভারও আয়োজন করা হয় । এতে  জেলা বিজেপি সভাপতি স্বপন ভট্টাচার্য ,প্রাক্তন দুজন সবাপতি মিহির চক্রবর্তী ও সুব্রত শর্মা প্রমূখ অংশ নেন ।

---

স্নাতকস্তরের প্রথম সেমিস্টারের গতবছর অনুষ্ঠিত পরীক্ষার রি-ইভ্যালুশনের ফল প্রকাশের দাবীতে আজ ছাত্র সংগঠন এ আই ডি এস ওর জেলা কমিটির পক্ষ থেকে আসাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের উদ্দেশ্যে স্মারকপত্র প্রদান করা হয় । এবছরের স্নাতকস্তরের প্রথম ও তৃতীয় সেমিস্টারের পরীক্ষা শুরু হতে চলেছে অথচ গত বছর অনুষ্ঠিত পরীক্ষার রি-ইভ্যালুশনের ফল এখনও প্রকাশ না করার ফলে ছাত্র ছাত্রীরা সমস্যার সম্মুখীন হচ্ছে বলে স্মারকপত্রে উল্লেখ করে সংগঠনের পক্ষ থেকে অবিলম্বে ফল প্রকাশের দাবী জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের উদ্যোগে আগামী ৮ই ডিসেম্বর শূন্য থেকে পাঁচ বছর বয়সের শিশুদের পোলিও ড্রপ খাওয়ানো হবে । জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং অভিবাবকদের আগামী ৮ই ডিসেম্বর নিকটবর্তী বুথে নিয়ে গিয়ে পোলিও ড্রপ খাওয়ানোর আহ্বান জানিয়েছেন । ডক্টর নাইডিং বলেন যে আগামী রবিবার বাদপড়া শিশুদের আগামী ৯ ও ১০ই ডিসেম্বর স্বাস্থ্যকর্মীরা ঘরে ঘরে গিয়ে পোলিও খাওয়াবেন । শ্রীভূমি জেলায় দু লক্ষ ৮ হাজার দুশ ৬৪টি শিশুকে পোলিও ড্রপ খাওয়ানোর লক্ষ্য নির্ধারন করা হয়েছে ।